

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৮৩৫

১৮/ শাসন

পরিচ্ছেদঃ বৈধ কাজে শাসকবৃন্দের আনুগত্য করা ওয়াজিব এবং অবৈধ কাজে তাদের আনুগত্য করা হারাম

আরবী

وَعَن أَبِي هُنَيْدَةَ وَائِلِ بِنِ حُجْرٍ قَالَ: سَأَلَ سَلَمَةُ بِن يَزِيدَ الجُعفِيُّ رَسُولَ اللهِ عَلَيْنَا أَمْرَاءُ يَسَأَلُونَا حَقَّهُم وَيمْنَعُونَا حَقَّنَا فَمَا تَأْمُرُنَا ؟ يَا نَبِيَّ الله أَرَأَيتَ إِنْ قَامَت عَلَيْنَا أُمَرَاءُ يَسَأَلُونَا حَقَّهُم وَيمْنَعُونَا حَقَّنَا فَمَا تَأْمُرُنَا ؟ فَأَعْرَضَ عَنهُ، ثُمَّ سَأَلَهُ فَقَالَ رَسُولُ اللهِ عَلِي اسْمَعُوا وَأَطِيعُوا فَإِنَّمَا عَلَيْهِمْ مَا حُمِّلُوا وَعَلَيْكُمْ مَا حُمِّلُوا وَعَلَيْكُمْ مَا حُمِّلُوا مَسلم

বাংলা

(১৮৩৫) আবৃ হুনাইদা ওয়াইল ইবনে হুজর (রাঃ) বলেন, সালামাহ ইবনে য়্যাযীদ জু'ফী আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞাসা করলেন, 'হে আল্লাহর নবী! আপনি বলুন, যদি আমাদের উপর (অসৎ) শাসক নিযুক্ত হয় এবং আমাদের কাছে তাদের অধিকার চায় ও আমাদেরকে আমাদের অধিকার থেকে বঞ্চিত রাখে। অতএব এ ব্যাপারে আপনি কী নির্দেশ দেন?' তিনি তাঁর দিক থেকে মুখ ফিরিয়ে নিলেন। পুনরায় তিনি জিজ্ঞাসা করলে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা (তাদের) কথা শুনো এবং (তাদের) আনুগত্য করো। কারণ তাদের দায়িত্বে তা রয়েছে, যা তাদের উপর চাপানো হয়েছে (অর্থাৎ সুবিচার ও ন্যায়পরায়ণতা) এবং তোমাদের দায়িত্বে তা রয়েছে, যা তোমাদের উপর অর্পণ করা হয়েছে (অর্থাৎ নেতা ও শাসকের আনুগত্য)।

ফুটনোট

(মুসলিম ৪৮৮৮-৪৮৮৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন